বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(ভোকেশনাল শাখা)
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫.১৭ তারিখ ঃ ০৬ জুলাই ২০১৭ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নভেম্বর, ২০১৭ খ্রি. -এ অনুষ্ঠেয় বোর্ডের ২০১৭ সনের এসএসসি (ভোকেশনাল) নবম শ্রেণি ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষার পরীক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক সম্ভাব্য তালিকা **(Probable list)** আগামী ১৬/০৭/২০১৭ খ্রি. হতে ০২/০৮/২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফি জমা দিয়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের তারিখ ও সময় এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যাদি এতদ্সঙ্গে দেয়া হলো, যা বোর্ডের **Website**-এর মাধ্যমেও জানা যাবে।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথারীতি বোর্ডের **Website**-এ প্রকাশ করা হবে।

১. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস

১.১ ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীগণ ২০১৭ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোক) ৯ম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

১.২ ২০১৬ সনে ৯ম শ্রেণিতে অনধিক ০৩ বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭ সনে অনুষ্ঠেয় ৯ম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করতে পারবে।

১.৩ ২০১৬ সনে ৯ম শ্রেণিতে ০৩ এর অধিক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭ সনে অনুষ্ঠেয় ৯ম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে শুধুমাত্র অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে।

১.৪ ২০১৬ সনের পূর্বে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি বোর্ড পরীক্ষায় অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে, এরূপ পরীক্ষর্থীগণ-২০১৭ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোক) ও দাখিল (ভোকেশনাল) ৯ম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ৩০০/- টাকা হারে সংযোগরক্ষাকারী ফি প্রদানপূর্বক অংশ গ্রহণ করতে পারবে। এই সকল পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রিন্ট আউটের হার্ডকপি প্রেরণের বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর নামের পার্শ্বে মন্তব্যের কলামে " সংযোগরক্ষাকারী ফি প্রদত্ত হয়েছে " কথাটি উল্লেখ করতে হবে।

১.৫ ২০১৪ শিক্ষাবর্ষের পূর্বের কোন পরীক্ষার্থী ২০১৭ সনে অনুষ্ঠেয় নবম শ্রেণি বোর্ড ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১.৬ যাবতীয় নির্দেশাবলির আলোকে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। অন-লাইনে ফরম ফিলাপ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮, ০১৭১৬৫৯২৭৯২ নম্বরে যোগাযোগ করা যাবে।

অব্যাহত......

২. নিম্নোক্ত ছক মোতাবেক পরীক্ষার্থীদের অন-লাইনে ফরম পূরণ এবং ব্যাংক ড্রাফটসহ অন্যান্য কার্যাদি সম্পন্ন করতে হবে ঃ

<table>
<tr><th>অন লাইন ফরম পূরণের তারিখ</th><th>বিলম্ব ফি ছাড়া ব্যাংক ড্রাফট করার
শেষ তারিখ</th><th>৩০০ (তিনশত) টাকা হারে বিলম্ব ফিসহ অন-লাইনে ফরম পূরণ ও ব্যাংক ড্রাফট করার
শেষ তারিখ</th><th colspan="2">অন-লাইনে ফরম পূরণের চূড়ান্ত তালিকা (Final List)- এর হার্ড কপি এবং ব্যাংক ড্রাফট জমার তারিখ</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td colspan="2">৪</td></tr>
<tr><td rowspan="8">১৬/০৭/২০১৭ খ্রি. হতে ৩১/০৭/২০১৭ খ্রি. সময়ের মধ্যে অন-লাইনে ফরম পূরণ করতে হবে (সকল বিভাগ)।</td><td rowspan="8">০১/০৮/২০১৭ খ্রি. তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে (সকল বিভাগ)।</td><td rowspan="8">০১/০৮/২০১৭ খ্রি. হতে ০২/০৮/২০১৭ খ্রি. সময়ের মধ্যে অন লাইন-এ ফরম পূরণ করতে হবে এবং ০৩/০৮/২০১৭ খ্রি. তারিখে ব্যাংক ড্রাফট করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে (সকল বিভাগ)।</td><td>বিভাগ</td><td>তারিখ</td></tr>
<tr><td>রংপুর</td><td>১৬.০৮.২০১৭ খ্রি.</td></tr>
<tr><td>রাজশাহী</td><td>১৭.০৮.২০১৭ খ্রি.</td></tr>
<tr><td>খুলনা</td><td>২০.০৮.২০১৭ খ্রি.</td></tr>
<tr><td>বরিশাল</td><td>২১.০৮.২০১৭ খ্রি.</td></tr>
<tr><td>সিলেট</td><td>২২.০৮.২০১৭ খ্রি.</td></tr>
<tr><td>চট্টগ্রাম</td><td>২৩.০৮.২০১৭ খ্রি.</td></tr>
<tr><td>ঢাকা</td><td>২৪.০৮.২০১৭ খ্রি.</td></tr>
</table>

২.১ উল্লিখিত নির্ধারিত তারিখের পরে প্রতিষ্ঠান কর্তৃক ফরম ফিলাপের কোন ধরনের সুপারিশ বোর্ডে প্রেরণ করা যাবে না ।

২.২ ফরম ফিলাপ সংক্রান্ত বিষয়ে কোনক্রমেই কোন শিক্ষার্থীকে বোর্ডে পাঠানো যাবে না ।

২.৩ যে সকল পরীক্ষার্থীর তথ্য Probable List –এ থাকবে না, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে Add Record দিয়ে সঠিক তথ্য পূরণ করে ফরম ফিলাপ করতে পারবে। উল্লেখ্য ভুল তথ্য প্রদানকারী শিক্ষার্থীর কোনক্রমেই প্রবেশপত্র ইস্যু করা হবে না।

২.৪ বিলম্ব ফি ব্যতীত ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ফাইনাল লিস্ট ০১/০৮/২০১৭ খ্রি. তারিখে এবং বিলম্ব ফি-সহ ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ফাইনাল লিস্ট ০৩/০৮/২০১৭ খ্রি. তারিখে প্রিন্ট করতে হবে।

২.৫ ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থী ফরম পূরণ করতে পারবে না।

৩. পরীক্ষা ও অন্যান্য ফিসের বিবরণ ঃ

ক্রমিক নং	বিবরণ	হার	মন্তব্য
১.	পরীক্ষার ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
২.	নম্বর পত্র ফি	৬০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৩.	বাস্তব প্রশিক্ষণ ফি	১২০.০০	বোর্ডের প্রাপ্য ৭০/- প্রতিষ্ঠান ৫০/-
৪.	সংযোগ রক্ষাকারী ফি (২০১৬ তে অংশগ্রহণ করে নাই)	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৫.	বিলম্ব ফি	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৬.	কেন্দ্র ফি	৪৫০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৭.	ব্যবহারিক কেন্দ্র ফি	১০০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৮.	ব্যবহারিক ফি ৮ বিষয় (ঐচ্ছিক বিষয় সহ)	২৫.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%

৩.১ উল্লিখিত ফি এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি, নম্বরপত্র ফি ও বাস্তব প্রশিক্ষণ ফি বাবদ মোট (৩০০+৬০+৭০) = ৪৩০.০০ (চারশত ত্রিশ টাকা) এবং অনিয়মিত পরীক্ষার্থীদের নিকট থেকে পরীক্ষার ফি ও নম্বরপত্র ফি বাবদ (৩০০+৬০) = ৩৬০/- (তিনশত ষাট) টাকা হারে আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করতে হবে।

৩.২ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত টাকা থেকে পরীক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়ণ (TC,PC) সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট শিক্ষকদের সম্মানি বাবদ ১.৫ টাকা হারে রেখে বাকী টাকা কেন্দ্রকে প্রদান করতে হবে। কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি কেন্দ্রে জমা থাকবে। প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি যথারীতি বোর্ডে সমর্পন করতে হবে। বাস্তব প্রশিক্ষণ ফি বাবদ আদায়কৃত ১২০.০০ (একশত বিশ) টাকার অবশিষ্ট ৫০.০০ (পঞ্চাশ) টাকা বোর্ড প্রদত্ত নীতিমালা অনুসারে এতদসংক্রান্ত কাজে ব্যয় করা যাবে। বোর্ড হতে (৪র্থ তলা, কক্ষ নং ৪১০) বাস্তব প্রশিক্ষণ বহি সরবরাহ করা হবে। কেন্দ্র ফি ও ব্যবহারিক কেন্দ্র ফি বোর্ডের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করতে হবে।

অব্যাহত ---

৪. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অবশিষ্ট অর্থ (কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয়যোগ্য) বন্টন বিবরণ ঃ

৪.১ লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ১ (এক) সপ্তাহ পূর্বে অবশ্যই সংশিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ব্যাংক ড্রাফটের মাধ্যমে কেন্দ্র ফি-বাবদ টাঃ ৪৫০/-, ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি-বাবদ টাঃ ১০০/- ও ব্যবহারিক পরীক্ষার ফি-বাবদ (প্রতি বিষয়ে) আদায়কৃত টাঃ ২৫/- প্রতিষ্ঠান হতে প্রেরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান হতে কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে কেন্দ্রে পরিশোধ না করার অভিযোগ পাওয়া গেলে উক্ত ***প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত*** থাকবে।

৪.২ বোর্ডের নীতিমালা অনুযায়ী পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্র ফি-বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা/মূল্যায়ণ সংক্রান্ত কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বন্টন করতে হবে। এ ক্ষেত্রে অন্যান্য বন্টন হারের পাশাপাশি ধারাঃ মূল্যাঃ (তাত্বিক) ও ধারাঃ মূল্যাঃ (ব্যবহারিক)-এর বরাতে সংশ্লিষ্ট শিক্ষকও পরিক্ষার্থী প্রতি টাকা ১.৫০ করে প্রতি বিষয়ে প্রতি দফায় প্রাপ্য হবেন।

৪.৩ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর অভ্যন্তরিণ/অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষকগণ বোর্ড প্রবর্তিত হারে (২ ঘন্টার বিষয়ের জন্য পরীক্ষার্থী প্রতি ৭.৫০ টাকা এবং ৩ ঘন্টা বিষয়ের জন্য পরীক্ষার্থী প্রতি ১০.০০ টাকা) পারিশ্রমিক প্রাপ্য হবেন। অবশিষ্ট অর্থ দরকারি কাঁচামাল সংগ্রহের জন্য ব্যয়যোগ্য।

৪.৪ বাস্তব প্রশিক্ষণের ফি-বাবদ আদায়কৃত টাঃ ৫০/- দ্বারা বাস্তব প্রশিক্ষণ সংক্রান্ত কাজের ব্যয়ভার মিটাতে হবে।

৪.৫ পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্রের ব্যয়ের একটি সামগ্রিক হিসাব স্থানীয় প্রশাসন কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে PF এর হার্ডকপি, হাজিরাশিট জমাদানের সময় বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে (৭মতলা)।

৫. প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্ট আউট কপি/পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলি ঃ

৫.১ ফরম ফিলাপ- ব্যাংক ড্রাফটসহ প্রিন্ট আউটের হার্ডকপি প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে/ তাঁর মনোনীত দায়িত্বশীল কোন শিক্ষক-এর মাধ্যমে ছকে বর্ণিত তারিখ মোতাবেক বোর্ডে প্রেরণ করতে হবে।

৫.২ নির্ধারিত তারিখে ব্যাংক ড্রাফট এবং ফরম ফিলাপের প্রিন্ট আউটের হার্ড কপি জমা দিতে ব্যর্থ হলে ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রতিষ্ঠানকে জরিমানা দিতে হবে।

৫.৩ অসম্পূর্ণ/ভুল তথ্যযুক্ত হার্ডকপি বা ব্যাংক ড্রাফট বিহীন ফরম সরাসরি নাকচ হবে এবং এজন্য বোর্ড দায়ী থাকবে না।

৫.৪ আদায়কৃত অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,** ঢাকা-এর অনুকূলে একটি ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রিন্ট আউটের হার্ড কপিসহ বোর্ডে প্রেরণ করতে হবে, সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা থেকে উত্তোলনযোগ্য হতে হবে। এছাড়া সোস্যাল ইসলামী ব্যাংক, লায়ন্স চক্ষু হাসপাতাল, আগারগাঁও, ঢাকা শাখায় উপরও ব্যাংক ড্রাফট করা যাবে।

৫.৫ নগদ, মনি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে অর্থ গ্রহণ করা হবে না।

৫.৬ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য ব্যাংক কমিশন সংশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য হবে।

৫.৭ পরীক্ষার প্রিন্ট আউট (হার্ড কপি) বোর্ডে প্রেরণের পূর্বে প্রতিটি ফরমের লিপিবদ্ধতা শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট নথিপত্রের সাথে অভিন্নমর্মে পরীক্ষাকরতঃ ট্রেডভিত্তিক শ্রেণি বিন্যাস করে রোল নম্বর/রেজিস্ট্রেশনের ক্রমানুসারে নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী পৃথক পৃথকভাবে সাজিয়ে দিতে হবে, যা প্রিন্ট আউট কপি থেকে সম্পূর্ন আলাদা থাকবে। ফরোয়ার্ডিং নমুনা ব্যতিত কোন প্রিন্ট আউট কপি গ্রহণ করা হবে না।

৫.৮ প্রতিষ্ঠানভিত্তিক নিম্নোক্ত নমুনা ফরমেটে (সকল নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর তালিকা হার্ডকপিসহ) ফরোয়াডিং আকারে A4 সাইজ কাগজে ব্যাংক ড্রাফটসহ দাখিল করতে হবে । নমুনা ফরমেট অনুযায়ী কম্পিউটার কম্পোজ ব্যতিত ডিডি/ হার্ডকপি গ্রহণ করা হবে না।

অব্যাহত ---

৬. <u>নিম্নোক্ত ছক অনুযায়ী বোর্ড থেকে প্রবেশপত্র এবং অন্যান্য কাগজপত্র সরবরাহ করা হবে ঃ</u>

ক্রমিক নং	তারিখ	জেলার নাম	মন্তব্য
১.	০২/১০/২০১৭ খ্রি. (সোমবার)	পঞ্চগড়, ঠাকুরগাঁও, দিনাজপুর, নীলফামারী, লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম।	১. কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের **TC, PC** এর হার্ডকপি বোর্ডে জমা দেয়া ব্যতিত প্রবেশপত্র সরবরাহ করা হবে না। ২. প্রবেশপত্র দেখে নিতে হবে। পরিলক্ষিত ভুল পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত সংশোধনযোগ্য। ৩. উত্তরপত্র গ্রহণের জন্য সংযুক্ত চাহিদা ফরম-১ ও ২ পূরণ করে আনতে হবে।
২.	০৩/১০/২০১৭ খ্রি. (মঙ্গলবার)	গাইবান্ধা, জয়পুরহাট, বগুড়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ।	
৩.	০৪/১০/২০১৭ খ্রি. (বুধবার)	রাজশাহী, নাটোর, সিরাজগঞ্জ।	
৪.	৫/১০/২০১৭ খ্রি.(বৃহস্পতিবার)	পাবনা, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাংগা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, যশোর।	
৫.	০৮/১০/২০১৭ খ্রি. (রবিবার)	খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা।	
৬.	০৯/১০/২০১৭ খ্রি. (সোমবার)	সাতক্ষীরা,ঝালকাঠী,বরিশাল,শরিয়তপুর,মাদারীপুর,গোপালগঞ্জ,ফরিদপুর,রাজবাড়ী	
৭.	১০/১০/২০১৭ খ্রি. (মঙ্গলবার)	সুনামগঞ্জ,সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, বি-বাড়ীয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর।	
৮.	১১/১০/২০১৭ খ্রি. (বুধবার)	নোয়াখালী, ফেনী, চট্টগ্রাম, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবন, কক্সবাজার।	
৯.	১২/১০/২০১৭ খ্রি.(বৃহস্পতিবার)	কিশোরগঞ্জ, নেত্রকোণা, ময়মনসিংহ, শেরপুর, জামালপুর, টাংগাইল।	
১০.	১৫/১০/২০১৭ খ্রি. (রবিবার)	গাজীপুর, নরসিংদী, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, ঢাকা।	

৭. অন-লাইনে ধারাবাহিক (TC, PC) নম্বর প্রেরণ এবং এর হার্ড কপি বোর্ডে জমাদান ঃ

৭.১ ২০১৭ সনে অনুষ্ঠেয় নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (**TC**) ও ব্যবহারিক ধারাবাহিক (**PC**) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে <u>*১৬/০৯/২০১৭ খ্রি. হতে ৩০/০৯/২০১৭ খ্রি.*</u> তারিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করিতে হবে এবং যথা সময়ে এ নম্বর প্রেরণে ব্যর্থ হলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

৭.২ **TC, PC** -এর হার্ডকপিসমূহ বিষয়ভিত্তিক সাজিয়ে বহি আকারে বাধাই করিয়া জমা দিতে হবে। কোন অবস্থাতেই এই হার্ডকপিসমূহ ট্রেডভিত্তিক দেয়া যাবে না।

৭.৩ ধারাবাহিক নম্বর প্রেরণের সময় **List** -এ কোন পরীক্ষার্থীর রোল না থকলে **Add Record** করে ধারাবাহিক নম্বর প্রেরণ করতে হবে। কোন পরীক্ষার্থীর **TC, PC** -এর নম্বর **On-Line** -এ প্রেরণ করা না হলে ঐ পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হবে না। অনিয়মিত পরীক্ষার্থীদের ধারাবাহিক নম্বরও পুণরায় প্রেরণ করতে হবে।

৭.৪ অন-লাইনে প্রেরিত কপির হুবহু হার্ডকপি দাখিল করতে হবে কোনরূপ ঘষামাজা, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য নয়।

৭.৫ যে সকল প্রতিষ্ঠান কোন কেন্দ্রের অধীন, তাদের **TC, PC** -এর হার্ডকপি প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ কেন্দ্র সচিবের নিকট বোর্ডে জমা দেয়ার তারিখের পূর্বেই পাঠাতে হবে অন্যথায় ঐ প্রতিষ্ঠানের প্রবেশপত্র দেয়া হবে না।

৮. ব্যবহারিক সমাপনী পরীক্ষা (PF) ঃ

তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনের মধ্যে ব্যবহারিক সমাপনী পরীক্ষা অনুষ্ঠান করতে হবে। এর পরপরই অন-লাইনে ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে। অন-লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বররের **হার্ডকপি ও হাজিরাশীট, অনুপস্থিত ও বহিস্কার তালিকা অবশ্যই** <u>রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে</u> বহি আকারে বাধাই করে নির্ধারিত তারিখে বোর্ডে জমা দিতে হবে।

৯. বাস্তব প্রশিক্ষণ (I A) ঃ

ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনের মধ্যে শিক্ষার্থিদের ০৬ সপ্তাহব্যাপি বাস্তব প্রশিক্ষণে সংযুক্ত করতে হবে। এই বাস্তব প্রশিক্ষণ সমাপ্তির ১০ দিন পূর্বেই বাস্তব প্রশিক্ষণের নম্বরপত্র স্বঃ স্বঃ প্রতিষ্ঠানকে অন-লাইনে বোর্ডে প্রেরণ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ নম্বর প্রেরণের পর এর হার্ডকপিও স্বঃ স্বঃ প্রতিষ্ঠানকে আলাদাভাবে বোর্ডে প্রেরণ করতে হবে। যথাসময়ে এ নম্বর প্রেরণ না করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণ উল্লেখিত বিষয়ে অকৃতকার্য হিসেবে গণ্য হবে।

অব্যাহত ---

১০. অনুসরণীয় বিশেষ নির্দেশাবলি ঃ

১০.১ প্রিন্ট আউট কপিতে প্রত্যেক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের করার পূর্বে সকল তথ্যাদির যথাযথতা নিশ্চিত হতে হবে, যেহেতু এরই ভিত্তিতে প্রবেশপত্র তৈরি হবে। প্রবেশপত্র সংশোধনের জন্য প্রিন্ট আউট কপি আবশ্যক।

১০.২ প্রবেশপত্রে বিষয় ও বিষয় কোডে ভূল থাকলে, তা সংশোধন না করে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

১০.৩ বোর্ডে প্রেরিত যেকোনো তথ্যের হার্ডকপি/নম্বরপত্রের/হাজিরাশীটের ফটোকপি প্রতিষ্ঠানে/কেন্দ্রে সংরক্ষণ করতে হবে, যাতে যেকোনো সময় বোর্ডের চাহিদা অনুযায়ী এগুলো উপস্থাপন করতে পারেন।

১০.৪ পরীক্ষার্থীর তথ্য (অনুপস্থিত ও বহিস্কার সংক্রান্ত), হাজিরাশীট(বই আকারে বাঁধাই করে) শিরোনামপত্রের ৩য় কপি এবং সকল নম্বর পত্রের হার্ডকপি একত্রে কেন্দ্রের মাধ্যমে হাতে হাতে পরীক্ষা শেষ হওয়ার ৩ দিনের মধ্যে বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় বোর্ড নির্ধারিত জরিমানাসহ সংশ্লিষ্ট কেন্দ্রের/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০.৫ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয়ভিত্তিক উত্তীর্ণমান, পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদিসহ কারিকুলাম কোড, ট্রেডকোড, বিষয়কোড অন-লাইনে শুদ্ধরূপে প্রদান করতে হবে। প্রতিষ্ঠানের কোনরূপ ভুলের কারণে শিক্ষার্থীর ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

১০.৬ কোন পরীক্ষার্থীর ফরম পুরণ হলে অবশ্যই ধারাবাহিক নম্বর অনলাইনে বোর্ডে প্রেরণ করতে হবে (সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলেও)।

১০.৭ কোন পরীক্ষার্থী তাত্ত্বিক, ধারাবাহিক এবং ব্যবহারিক ধারাবাবিক অংশে অনুত্তীর্ণ থাকলে তার ফলাফল বাতিল বলে গণ্য হবে এবং দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।

১০.৮ ফরম ফিলাপের প্রিন্ট আউট কপি জমা দেয়ার সময় এফিলিয়েশন/নবায়ন ফিস হাল নাগাদ করার প্রত্যয়নপত্র দেখাতে হবে।

১০.৯ বোর্ডের রেকর্ডে প্রতিষ্ঠান প্রধানের হাল নাগাদ মোবাইল নম্বর এন্ট্রি করে যেতে হবে ও তাঁকে নিয়মিত বোর্ডের ওয়েব সাইট পরিদর্শন করতে হবে।

১০.১০ সংশোধনী ফলাফলের জন্য ফলাফলে উল্লেখিত সময়ের মধ্যেই প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ বোর্ডে আবেদন করতে হবে।

১০.১১সংশোধনীতে উত্তীর্ণ শিক্ষার্থীর পূর্বের নম্বরপত্র জমা দিয়ে বোর্ডের ৬ষ্ঠ তলা থেকে সংশোধিত নম্বরপত্র গ্রহণ করতে হবে।

১০.১২ পরীক্ষা শুরু হওয়ার ন্যূনতম এক সপ্তাহ পূর্বেই ভেন্যুর পূর্ণাঙ্গ ঠিকানার (যদি হয়ে থাকে) Soft Copy বোর্ডকে লিখিতভাবে অবহিত করতে হবে। ই-মেইল ঠিকানাঃ 1. **controller@bteb.gov.bd**, 2. **abulhossainhaulader@gmail.com**, 3. **mdsarder.bteb@gmail.com**

১০.১৩ সংযুক্ত চেক লিস্ট অনুযায়ী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC), ব্যবহারিক ধারাবাহিক (PC), ব্যবহারিক সমাপনী (PF) ও বাস্তব প্রশিক্ষণ (IA) এর নম্বর অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।

(প্রকৌ. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন-৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩০৪.১৫.১৭ তারিখ ঃ ০৬ জুলাই ২০১৭ খ্রি.

অনুলিপি, সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হইল ঃ

১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়)
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্রশাসনিক এলাকা, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৩। মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, প্রশাসনিক এলাকা, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অব্যাহত ---

৫। পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৬। পরিচালক,বস্ত্র দপ্তর, বস্ত্র ভবন (৬ষ্ঠ তলা), কারওরান বাজার, ঢাকা।
৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। উপ পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী বিভাগ।
১১। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
১২। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক---।
১৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-(সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। উপ-সচিব (প্রঃ)/ উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধকৃত)।
১৬। কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। সহকারি মহা-ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, আগারগাঁও (বিটিইবি ভবন) শাখা, ঢাকা-১২০৭।
১৮। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) , বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
(১৭–১৮) হিসাব অনুযায়ী ফি গ্রহণের জন্য অনুরোধকৃত।
১৯। ডকুঃ অফিসার/প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২০। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
২২। অফিসের নোটিশ বোর্ড।
২৩। সংরক্ষণ নথি ।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৪৮১১১১৬৪(অফিস)

নমুনা ফরমেট ঃ

প্রতিষ্ঠাণের নাম ও ঠিকানা ঃ---প্রতিষ্ঠান কোডঃ -------------

বরাবর
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
[দৃঃ আঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোক)]

বিষয় ঃ ২০১৭ সনের এসএসসি (ভোক)/দাখিল(ভোক) নবম শ্রেণি ফাইনাল পরীক্ষার ফি প্রেরণ প্রসংঙ্গে।

জনাব
আগামী নভেম্বর মাসে অনুষ্ঠেয় ২০১৭ সনের এসএসসি (ভোক)/দাখিল(ভোক) নবম শ্রেণি ফাইনাল পরীক্ষা অত্র প্রতিষ্ঠানের অংশ গ্রহণকারী পরীক্ষার্থীদের প্রিন্ট আউট হার্ড কপি ও ফিসমূহ নিম্নোক্ত ছক অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জমা প্রদান করলাম।

পরীক্ষার্থীদের ফি প্রদানের ছক ঃ

ক্রমিক নং	ট্রেড	নিয়মিত/ অনিয়মিত	জনপ্রতি @					মোট
			পরীক্ষার ফি টাঃ ৩০০/-	নম্বরপত্র ফি টাঃ ৬০/-	বাস্তব প্রশিক্ষণ ফি টাঃ ৭০/-	বিলম্ব ফি টাঃ ৩০০/-	সংযোগরক্ষাকারী ফি টাঃ ৩০০/-	
১		নিয়মিত						
		অনিয়মিত						
সর্বমোট =নিয়মিত ---------------------- জন, অনিয়মিত = -------------------------জন টাকা=								

প্রতিষ্ঠান প্রধানের মোবাইল ঃ

প্রতিষ্ঠান প্রধানের সীল ও স্বাক্ষর

সংযোজিত ঃ

ব্যাংক ড্রাফটের বিবরণ

ক্রমিক নং	ব্যাংক ড্রাফট নং	তারিখ	টাকার পরিমান	সোনালী/সোস্যাল ব্যাংক শাখার নাম
১				
২				
মোট				

চেক লিস্ট

- নিম্নের লিস্ট অনুযায়ী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC), ব্যবহারিক ধারাবাহিক (PC), ব্যবহারিক সমাপনী (PF) ও বাস্তব প্রশিক্ষণ (IA) নম্বর অনলাইনে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। TC, PC ও IA নম্বর প্রতিষ্ঠান কর্তৃক এবং PF নম্বর কেন্দ্র কর্তৃক প্রেরণ করতে হবে।

ক্রমিক নং	বিষয়ের নাম	বিষয় কোড	**TC** (মোট নম্বর)	**PC** (মোট নম্বর)	**PF** (মোট নম্বর)
১.	বাংলা-১	১৯১১/১৭১১	৪০	-	-
২.	ইংরেজী-১	১৯১২	৪০	-	-
৩.	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়-১	১৯১৪	৪০	-	-
৪.	গণিত-১	১৯১৩	৪০	-	-
৫.	পদার্থ বিজ্ঞান-১	১৯১৫	২০	১২	১৩
৬.	রসায়ন বিজ্ঞান -১	১৯১৬	২০	১২	১৩
৭.	ধর্ম ও নৈতিক শিক্ষা-১	১২১১-১৪	২০	-	-
৮.	আরবী-১	১৭১৪	৪০	-	-
৯.	কোরআন মাজিদ ও তাজবিদ-১	১৭১৭	৪০	-	-
১০.	হাদিস শরিফ ও ফিকাহ-১	১৭১৮	৪০	-	-
১১.	ট্রেড-১ (১ম পত্র)	**১৩	৪০	৫০	৫০
১২.	ট্রেড-২ (১ম পত্র)	**১৪	৪০	৫০	৫০
১৩.	উচ্চতর গনিত-১	১৩১১	৩০	১২	১৩
১৪.	হিসাব বিজ্ঞান-১	১৩১২	৪০	-	-
১৫.	ভূগোল ও পরিবেশ-১	১৩১৩	৪০	-	-
১৬.	কৃষি শিক্ষা-১	১৩১৪	৩০	১২	১৩
১৭.	ইসলামের ইতিহাস-১	১৩১৫	৪০	-	-
১৮.	কম্পিউটার এপ্লিকেশন-১	১৯১৭	-	২৫	২৫
১৯.	ইঞ্জিনিয়ারিং ড্রইং	১৯১৮	-	২৫	২৫
২০.	শারিরিক শিক্ষা-১	১৯১৯	-	২৫	২৫
২১.	বাস্তব প্রশিক্ষণ (IA)	**৮১	-	-	৫০

চাহিদা ফরম- ১

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাক-১২০৭।

কেন্দ্র কোড ঃ

--------------- সালের -------------------মাসে অনুষ্ঠেয় ----------সনের এসএসসি (ভোকেশনাল) নবম/দশম শ্রেণি ফাইনাল পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরম সমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হলঃ

কেন্দ্রের নাম ঃ -- জেলা ঃ ----------------------------

ট্রেডের নাম	৯ম/১০ম	মোট নিয়মিত পরীক্ষার্থী	লিখিত পরীক্ষার বিষয় সংখ্যা ৯ম-১০বিষয় ১০ম-১১ বিষয় (৪র্থ সহ)	মোট উত্তরপত্রের সংখ্যা	মন্তব্য
অনিয়মিত পরীক্ষার্থীর জন্য উত্তরপত্র ঃ (পরীক্ষার্থী×২বিষয়)					

সর্বমোট	

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর

চাহিদা ফরম- ২

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাক-১২০৭।

কেন্দ্র কোড ঃ

কেন্দ্রের নাম ঃ -- জেলা ঃ -----------------------

বিবরণ	মোট চাহিদার পরিমাণ	কেন্দ্র/প্রতিষ্ঠানে মজুদের পরিমাণ	বর্তমান চাহিদা	মন্তব্য
উত্তরপত্র লিথো সহ (মোট উত্তরপত্র + ২%)				
অতিরিক্ত উত্তরপত্র (লিথো) (মোট উত্তরপত্র × ১ঃ১)				
শিরোনামপত্র (কেন্দ্র ×বিষয় × ৪কপি)				
বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী ×১×বিষয়/১০০)				
বক্স (মোট পরীক্ষার্থী × বিষয় × ১/২০০)				
হাজিরা শীট (প্রতি পরীক্ষার্থী × ১) (প্রতিদিন নেটে হাজিরা প্রেরণ করিতে হইবে)				
করোগেটেড সীট (মোট পরীক্ষার্থী ×২× বিষয়)/১০০				
সনদপত্র/নম্বরপত্র উত্তোলনের আবেদন ফরম প্রতি কেন্দ্র ১০০টি				
বহিস্কৃত ফরম নং- ১, ২, ৩ (প্রতিটি প্রতি কেন্দ্রে ১০ টি করে)				
অন্যান্য				

____

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর